

ছায়া

তুমি বলেছিলেন ছায়া দেবে, তাই আসা

এটা তোমাদের বাড়ি?

ছাদ উঠে গেছে আকাশের চেয়ে উঁচু

শোভিত পাথর সজ্জিত সারি সারি।

তুমি বলেছিলেন ছায়া দেবে, তাই আসা

এটা তোমাদের বাড়ি?

চলো নিয়ে চলো যেখানে যত্ন লাগিয়েছ ছায়াতরু

যেখানে তোমার সঙ্গে এখন একটু বসতে পারি।

কোথায় বসাবে? তোমাদের বাড়ি পুড়ে যায় রোদুরে-

কোনোখানে ছায়া নেই।

ঠায় রোদুরে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেশি

টবে টবে শুধু সাজিয়ে রেখেছ শিল্পিত বনসাই।

অমল পাল